

ঢাবির দুই অধ্যাপককে স্থায়ী ও দুজনকে সাময়িক বহিষ্কারের দাবি শিক্ষার্থীদের

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

: মঙ্গলবার, ২০ আগস্ট ২০২৪



কোটা সংস্কার আন্দোলনে সম্পৃক্ত হওয়ার কারণে শিক্ষার্থীদের হেনস্থা ও নৈতিক পদস্খলনের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ম্যানেজমেন্ট বিভাগের সাবেক চেয়ারম্যান ও আরেকজন অধ্যাপককে স্থায়ী বহিষ্কারের দাবি জানিয়েছে বিভাগের শিক্ষার্থীরা। তাছাড়া বিভাগের অন্য দুই শিক্ষককে সাময়িক বহিষ্কারের দাবি জানান তারা। আজ মঙ্গলবার (২০ আগস্ট) দুপুর আড়াইটার দিকে শিক্ষার্থীরা বিভাগের সামনে জড়ো হয়ে স্লোগান দিতে থাকেন।

স্থায়ীভাবে বহিষ্কারের দাবি জানানো দুই শিক্ষক হলেন, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মোশাররফ হোসাইন ও অধ্যাপক সুমন দাস। তাছাড়া বিভাগের

শিক্ষক ড. মুশফিক মান্নান চৌধুরী ও ড. শবনম জাহানকে সাময়িক বহিষ্কারের দাবি জানান শিক্ষার্থীরা।

এসময় শিক্ষার্থীরা, ‘রং চা না দুধ চা, মোশাররফ লুইচ্চা, রং চা না দুধ চা, সুমন দাস লুইচ্চা’, ‘বয়কট বয়কট, মোশাররফ বয়কট বয়কট বয়কট, সুমন দাস বয়কট’- ইত্যাদি স্লোগান দিতে দেখা যায়।

ওই বিভাগের শিক্ষার্থী মো. জাহিরুল ইসলাম বলেন, অধ্যাপক মোশাররফ ও সুমন দাসের বিরুদ্ধে বিভাগের নারী শিক্ষার্থীদের বিভিন্নভাবে হেনস্থা ও কু প্রস্তাব দেওয়ার কথা উঠে এসেছে। শুধু চলমান ৫টি ব্যাচ না এর আগেও তারা নারী শিক্ষার্থীদের নানাভাবে হেনস্থা করে গেছে। এতদিন শিক্ষার্থীরা মুখ থাকতেও চুপ থাকতে বাধ্য হয়েছিলো কিন্তু এখন তারা তাদের কুকীর্তির কথা সবার সামনে প্রকাশ করছেন।

তিনি বলেন, এই দুজন শিক্ষক কোটা সংস্কার আন্দোলনেও শিক্ষার্থীদের নানাভাবে হেনস্থা করেছে। শিক্ষার্থীদের পোস্ট সরিয়ে দিতে বাধ্য করেছে। আন্দোলনে অংশগ্রহণ করতে নানাভাবে বাঁধা দেওয়ার চেষ্টা করেছে। তারা সুস্পষ্টভাবে ‘আওয়ামী লীগের দালাল’ ছিলেন। তাই নৈতিক পদস্থলন ও আন্দোলনে বাধা দেওয়ার কারণে তাদেরকে শিক্ষার্থীরা বর্জন করেছে। তাদেরকে কেউ বিভাগে দেখতে চায় না। তাদেরকে স্থায়ী বহিষ্কার করতে হবে।

অন্য দুজন শিক্ষকের ব্যপারে তিনি বলেন, মুশফিক মান্নান ও শবনম জাহান আওয়ামী লীগের দালাল। মুশফিক মান্নান তিনি শিক্ষক হবার পরেও দালালি করে বিআরটিসির কমিশনার পদে নিয়োগ পেয়েছিলেন।

এখানে থেকে তিনি আন্দোলনে শিক্ষার্থীদের যেতে বিভিন্নভাবে বাঁধা দেওয়ার চেষ্টা করেছে। শবনম জাহানও শিক্ষকদের সাথেও অনেক বেয়াদবি করেছেন। তাছাড়া ২০১৮ সালে ডাকসু নির্বাচনে সুস্পষ্ট অভিযোগের প্রেক্ষিতে তাকে রোকেয়া হলের প্রভোস্ট থেকে সরিয়ে দেওয়া হলেও তিনি আওয়ামী লীগ করায় শিক্ষকতা চালিয়ে যান।

শীর্ষ সংবাদ

পুলিশের সাঁজোয়াযানের ওপরে
জীবিত ছিল শিক্ষার্থী ইয়ামিন

রোববার চালু হচ্ছে মেট্রোরেল,
কাজে যোগ দিচ্ছে কর্মচারীরা

শেখ হাসিনার প্রশ্রয় না পেলে
আনভীররা বেপরোয়া হতো না :
মুনিয়ার বোন

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান
পরিচালনার দায়িত্বে ইউএনও, ডিসি
ও বিভাগীয় কমিশনাররা

বিএসইসির সাবেক চেয়ারম্যান
শিবলী রুবাইয়াতসহ আটজনের
ব্যংক হিসাব স্বগিত

সাবেক আইজিপি মামুনসহ ১৫
জনের বিরুদ্ধে হত্যাচেষ্টা মামলা

‘গণহত্যার’ অভিযোগে শেখ
হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক

অপরাধ ট্রাইব্যুনালে গ্রেপ্তার
পরওয়ানা দাবি

সরকার ১১ দিনে যে কাজ করেছে
তা প্রশংসার যোগ্য : মির্জা ফখরুল

প্লাবিত নোয়াখালী, পানিবন্দী ২০
লাখ মানুষ

দীপু মনি ৪ ও আরিফ খান ৫ দিনের
রিমান্ডে

এমপক্স নিয়ে নতুন মহামারীর
আশঙ্কা কম, পরিস্থিতি নিয়ন্ত্রণে:
ডব্লিউএইচও

শেখ হাসিনার পিয়নের ৪০০ কোটি
টাকার সম্পদ: দুদকের অনুসন্ধান
শুরু

শেখ হাসিনার সঙ্গে এবার রেহানা,
জয় এবং পুতুলও আসামি

দাবির মুখে এইচএসসির স্থগিত
পরীক্ষা বাতিল

বিএসইসি'র সাবেক চেয়ারম্যান
শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ও
ছেলের ব্যাংক হিসাব স্থগিত, আরও
সাতজনের ব্যাংক হিসাবও অবরুদ্ধ

ন্যাশনাল ব্যাংকের পরিচালনা পর্ষদ
বিলুপ্ত, নতুন পর্ষদ গঠন করলো
বাংলাদেশ ব্যাংক

বদলী করা হলো ২৫ জেলার ডিসি

দুর্বল ব্যাংকগুলোর জন্য টাকা
ছাপিয়ে সমাধান নয়: বাংলাদেশ
ব্যাংকের গভর্নর

কক্সবাজারের সাবেক এমপি
আবদুর রহমান বদি গ্রেফতার

ফরিদপুরে টাকা নিয়ে পৌর
মেয়রকে অফিসে ফেরার ব্যবস্থা-
বিএনপির কেউ এর সাথে জড়িত